

উপস্থিতি :- মোঃ হাসান জামান, সিনিয়র সহকারী জজ,
সিনিয়র সহকারী জজ, ২য় আদালত, পটিয়া, চট্টগ্রাম

ଆଦେଶ ନଂ-୨୭

অদ্য একতরফা আদেশের জন্য ধার্য আছে।

তারিখ- ৩০/০৮/২০২২ ইং

বাদীপক্ষ হাজিরা দাখিল করেননি।

নথি আদেশের জন্য নেওয়া হলো।

নথি পর্যালোচনায় দেখা যায়, বাদী আরজি তফসিল বর্নিত নালিশী শিকলবাহা মৌজার
১২১২১ নং বি এস খতিয়ান ভুল ও অশুলভাবে রেকর্ড হয়েছে মর্মে দাবি করিয়া
ঘোষনামূলক ডিক্রীর প্রার্থনায় ১-৬ নং বিবাদীদের বিরুদ্ধে অত্র মামলা আনয়ন করেছেন।

১-৬ নং বিবাদীগণের নামীয় সমন সঠিকভাবে জারি হলেও তারা অত্র মামলায় হাজির হননি। ফলে, বিগত ২৮/১০/২০০৮ ইং তারিখের ০৭ নং আদেশমূলে তাদের বিরুদ্ধে এক-তরফা শুনানীর জন্য ধার্য হয়।

অত্র মাফলা প্রমানের জন্য বাদীপক্ষে আম-যোগার কাজী মোঃ আমিনুল হক **P.W.-1** হিসাবে সাক্ষ্য প্রদান করেছেন। বাদীপক্ষ দাবির সমর্থনে নিন্ববর্ণিত কাগজাদি দাখিল করেন।

১। ৪/১১/২০১৯ খ্রি: তারিখের আম-মোকাব প্রদ-১

২। শিকলবাহা মৌজার আর এস- ৪০২ নং খতিয়ান এর সি.সি প্রদর্শনী- ২

৩। একই মৌজার বি.এস ১১৫২ নং খতিয়ান এর সি.সি প্রদ- ৩

৪। মাঠ পর্চা ৫০০৩ নং খতিয়ানের মূল কপি প্রদ- ৪

৫। ২৮/০১/১৯৫৮ খ্রিঃ তারিখের ৬১৪ নং কবলার মূলকপি প্রদ-৫

৬। ২০/০৮/১৯৮৯ ইং তারিখের ৪৬১৮ নং কবলার মূলকপি প্রদ-৬

৭। খাজনার দাখিলা প্রদ-৭

୮ । ଆର ଏସ ୨୧୪୯ ନଂ ଖତିଆନେର ସି.ସି ପ୍ରଦ- ୮

কাজী মোঃ আমিনুল হক **P.W.-1** এর গৃহীত জবানবন্দি, নথি ও দাখিলকৃত কাগজাদি
 (প্রদর্শনী ১ -৮) দেখলাম এবং পর্যালোচনা করলাম। সার্বিক পর্যালোচনায় বাদীপক্ষের
 নালিশী খতিয়ানঙ্কু সম্পত্তিতে স্বত্ত্ব, স্বার্থ ও দখল রহিয়াছে মর্মে প্রতীয়মান হয়।

এমতাবস্থায় বাদীপক্ষ অত্র মোকদ্দমা প্রমাণ করতে সক্ষম হয়েছে বলে আমি মনে করি।
সুতরাং বাদীপক্ষ তাদের প্রার্থীত প্রতিকার পেতে হকদার।

প্রদত্ত কোর্ট ফি সঠিক।

অতএব,

আদেশ হয় যে,

ঘোষনামূলক ডিক্রীর প্রার্থনায় আনীত অত্র মোকদ্দমা ১-৬ নং বিবাদীপক্ষের বিরুদ্ধে
একত্রফাসূত্রে বিনাখরচায় ডিক্রি হলো।

এই মর্মে ঘোষনা করা যাচ্ছে, নালিশী তফসিল বর্ণিত ভূমিতে বাদীর উভয় ও অপরাজেয়
স্বত্ত্ব রহিয়াছে এবং উক্ত ভূমি সংশ্লিষ্ট বি.এস ১১৫২ নং খতিয়ান ভূল ও অশুদ্ধভাবে
লিপিবদ্ধ হইয়াছে, যা যথারীতি বে-আইনী ও অকার্যকর এবং উহা বাদীগনের উপর
বাধ্যকর নয়।

আমার স্বত্ত্বে লিখিত ও সংশোধিত

(মোঃ হাসান জামান)
সিনিয়র সহকারী জজ
সিনিয়র সহকারী জজ, ২য় আদালত,
পটিয়া, চট্টগ্রাম

(মোঃ হাসান জামান)
সিনিয়র সহকারী জজ
সিনিয়র সহকারী জজ, ২য় আদালত,
পটিয়া, চট্টগ্রাম